মোরেলগঞ্জে যুবলীগ থেকে বহিস্কৃত মিজান খান আবারো ইয়াবাসহ আটক

বাগেরহাটের মোরেলগঞ্জে মিজান খান(৪০) নামে যুবলীগের এক সাবেক নেতাকে আটক করেছে। ভাটখালি গ্রামের হাবিবুর রহমানের ছেলে মিজানকে শনিবার দিবাগত রাত ১টার দিকে পোলেরহাট বাজার এলাকা থেকে হাতেনাতে পুলিশ আটক করে। তার কাছে ৯ পিচ ইয়াবা উদ্ধার করেছে পুলিশ। মিজান খান ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক। শৃংখলা ভঙ্গের দায়ে তাকে আগেই দল থেকে বহিস্কার করা হয়েছে।

এ বিষয়ে থানার ডিউটি অফিসার এসআই আব্দুল কাদের বলেন, পেশাদার ইয়াবা ব্যবসায়ী মিজান খান ইয়াবা নিয়ে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে হাতেনাতে আটক করা হয়।

এ ঘটনায় আজ রবিবার থানায় মামলা দায়ের করা হয়েছে। মিজান খানের বিরুদ্ধে এ ছাড়াও মাদকের ৫টিসহ মোট ৮টি মামলা রয়েছে বলেও এ কর্মকর্তা জানান।